



স্মারক নং- ২২.০২.০০০০.০২৬.১৬.৩২.১৯- ২৬৪


তারিখ: ০৭/০৫/১৪২৮ বঙ্গাব্দ
২২/১১/২০২১ খ্রিষ্টাব্দ

গণবিজ্ঞপ্তি

শুষ্ক মৌসুমে ঢাকাসহ সারাদেশে বায়ুদূষণের মাত্রা অত্যধিক বেড়ে যায়, যা মানব স্বাস্থ্যের জন্য অত্যন্ত ক্ষতিকর। বিশেষ করে নভেম্বর থেকে মার্চ পর্যন্ত সময়ে স্বল্প বৃষ্টিপাত ও শুষ্ক আবহাওয়া বিরাজমান থাকে। এসময় যানবাহন, ইটভাটা, নির্মাণ কাজ ও উন্নয়ন কার্যক্রমের পাশাপাশি বালু, মাটি, পাথর, ইট ও বর্জ্য উন্মুক্তভাবে পরিবহনের মাধ্যমে বায়ুদূষণ সৃষ্টি হয়। এসকল উৎস হতে ঢাকা শহরে সৃষ্ট বায়ুদূষণ নিয়ন্ত্রণে মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক সুনির্দিষ্ট ও চূড়ান্ত নির্দেশনা সম্বলিত আদেশ জারি এবং পরিবেশ অধিদপ্তর কর্তৃক বায়ুদূষণ রোধে নির্দেশিকা প্রকাশ করা হয়েছে।

এ পরিপ্রেক্ষিতে, ঢাকা শহরের বায়ুদূষণ নিয়ন্ত্রণে সর্বসাধারণ এবং সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/প্রতিষ্ঠানকে নিম্নোক্ত কার্যক্রম বাস্তবায়ন করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো:

- ১) ঢাকা শহরে বালু, মাটি, পাথর, ইট ও বর্জ্য পরিবহন উন্মুক্ত/খোলা ট্রাকে না করা;
- ২) নির্মাণ কাজের সময় ধূলাবালি নিয়ন্ত্রণে পানি ছিটানো, নির্মাণ সামগ্রী ঢেকে পরিবহন ও মজুদ করা, যত্রতত্র ফেলে না রাখা এবং প্রয়োজ্য ক্ষেত্রে ধূলিদূষণ নিয়ন্ত্রণে উপযুক্ত বেটনীর ব্যবহার নিশ্চিত করা;
- ৩) রাস্তায় বিভিন্ন সার্ভিস ফ্যাসিলিটিস (যেমনঃ পানি, গ্যাস, বিদ্যুৎ ইত্যাদি) স্থাপন বা মেরামতে বার্ষিক পরিকল্পনা প্রণয়ন করে বাস্তবায়ন করা যাতে একই রাস্তা বারবার খোঁড়াখুঁড়ি করতে না হয়। সার্ভিস ফ্যাসিলিটিস স্থাপন বা মেরামত শেষে ধূলাবালি নিয়ন্ত্রণে দ্রুততম সময়ের মধ্যে রাস্তা কাপেটিং করে পরিচ্ছন্ন পরিবেশ সৃষ্টি করা;
- ৪) উন্নয়ন প্রকল্পের কারণে ক্ষতিগ্রস্ত রাস্তা দীর্ঘদিন ফেলে না রেখে দ্রুত মেরামত করা;
- ৫) রাস্তার অনাবৃত/ক্ষতিগ্রস্ত/ভাঙ্গা অংশ, ফুটপাথ, সড়ক বিভাজক (Divider) ও সড়কদ্বীপ দ্রুত মেরামত করা;
- ৬) রাস্তার পার্শ্ববর্তী ড্রেন বা নর্দমা হতে ময়লা/বর্জ্য উত্তোলন করে রাস্তার পাশে ফেলে না রেখে দ্রুত নির্দিষ্ট স্থানে নিয়ে যাওয়া;
- ৭) রাস্তায় জমে থাকা ধূলা-বালি নিয়মিতভাবে ভেকুয়াম সুইপিং ট্রাকের মাধ্যমে সরিয়ে নেয়া;
- ৮) রাস্তার পার্শ্ববর্তী ক্ষতিগ্রস্ত এবং অনাবৃত স্থানসমূহ কংক্রিট ব্লক অথবা ঘাস লাগিয়ে আবৃত করা;
- ৯) বিভিন্ন মার্কেট, ব্যবসা প্রতিষ্ঠান ও দোকান-পাটের ধূলাবালি ও ময়লা-আর্বজনা ঝাড়ু দিয়ে সড়কের ফেলার কার্যক্রম বন্ধ করা এবং প্রতিদিনের ময়লা-আর্বজনা নিজস্ব ব্যবস্থাপনায় সংরক্ষণ করে দোকান বা মার্কেট বন্ধ করার সময় তা সিটি কর্পোরেশনের নির্ধারিত জায়গায় ফেলা;
- ১০) উন্মুক্ত স্থানে আর্বজনা ফেলে না রাখা এবং বর্জ্য পোড়ানো বন্ধ করা;
- ১১) সরকার কর্তৃক ঘোষিত আনফিট যানবাহন এবং বিধিতে উল্লেখিত মানমাত্রার উর্ধ্ব কালাে ধোঁয়া সৃষ্টিকারী সকল যানবাহন রাস্তায় চলাচল বন্ধ করা;
- ১২) অবৈধভাবে টায়ার পোড়ানো এবং ব্যাটারী রিসাইক্লিং কারখানা বন্ধ রাখা;
- ১৩) ঢাকা শহরের চতুর্দিকে সকল অবৈধ ইটভাটার কার্যক্রম বন্ধ রাখা।


মহাপরিচালক
২২/১১/২০২১

পরিবেশ অধিদপ্তর

আসুন বায়ুদূষণ রোধ করি, সুস্থ ও সুন্দর ভবিষ্যৎ গড়ি